



স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০০১.০৪.০০১.২১- ৬০০

তারিখ : ০৯/০৩/২০২১ খ্রিঃ।

বিষয় : বাংলা ১৪২৭ সনের কুটির হাট-বাজার ইজারা মূল্যের অবশিষ্ট অর্থ, ভ্যাট ও আয়কর জমা প্রদান প্রসংগে।

সূত্র : ১) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪১.০৩.০০৩.২০২০ (অংশ-১)-৯৬১, তারিখ : ২৮/১২/২০২০ খ্রিঃ  
২) এ কার্যালয়ের স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০০.০৪.০০১.২০২০-১০২৫, তারিখ : ২৬/০৮/২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী সদর উপজেলার অন্তর্গত কুটির হাট-বাজারটি বাংলা ১৪২৭ সনের (০১ লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র) জন্য ইজারার নিমিত্ত ইজারা মূল্য বাবদ ৯০,০০,৭৮৬/- টাকা, ১৫% ভ্যাট বাবদ ১৩,৫০,১১৮/- টাকা ও ৫% আয়কর বাবদ ৪,৫০,০৩৯/- টাকা সর্বমোট ১,০৮,০০,৯৪৩/- টাকা পাওনা হয়। উক্ত টাকার মধ্যে ইজারা মূল্য বাবদ ৭৯,৬৫,২৩৫/- টাকা, ১৫% ভ্যাট বাবদ ১১,৯৪,৭৮৫/- ও আয়কর বাবদ ৩,৯৮,২৬২/- টাকাসহ সর্বমোট ৯৫,৫৮,২৮২/- টাকা চালানের মাধ্যমে জমা প্রদান করেছেন। অবশিষ্ট ইজারা মূল্য বাবদ ১০,৩৫,৫৫১/- টাকা, ১৫% ভ্যাট বাবদ ১,৫৫,৩৩৩/- ও আয়কর বাবদ ৫১,৭৭৮/- টাকাসহ সর্বমোট ১২,৪২,৬৬২/- টাকা সুত্রোক্ত ২ নং স্মারকে বারংবার তাগিদ দেওয়া সত্ত্বেও জমা প্রদান করেননি।

০২। করোনাকালীন সময়ের শুরুর দিকে হাট বাজার প্রায় ০৩ মাস বন্ধ থাকায় ইজারাদাররা ঠিকমত খাজনা আদায় করতে পারেনি বিধায় কুটির হাট বাজার এর ইজারাদার কর্তৃক বিভিন্ন সময় ইজারার অর্থ মওকুফ ও অর্থ পরিশোধের সময় বৃদ্ধির আবেদন করা হয়েছে। গত ১৯/১১/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভায় কুটির হাটের অনাদায়ী ১০,৩৫,০০০/- (দশ লক্ষ পয়ত্রিশ হাজার) টাকা মওকুফ করার সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু গত ১৪ ডিসেম্বর ২০২০ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রণালয়ে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় “কোভিড-১৯ ও বন্যা পরিস্থিতির কারণে দেশের বিভিন্ন অঞ্চলে বাংলা ১৪২৬ ও ১৪২৭ সনে ইজারাকৃত ক্রয়-বিক্রয় বন্ধ থাকায় ইজারা গ্রহীতাগণ কর্তৃক আর্থিক ক্ষতিপূরণ/ইজারা অর্থ ফেরত প্রদানের আবেদনের বিষয়ে যুক্তিসংগত কারণ না থাকায় ইজারার অর্থ ফেরত প্রদানের আইনগত সুযোগ নেই” মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় (কপি সংযুক্ত)।

০৩। সরকারী হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ অনুযায়ী হাট-বাজারের ইজারা মূল্য মওকুফের কোন সুযোগ নাই।

০৪। এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগের গত ১৪ ডিসেম্বর ২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মত বিনিময় সভায় ১০.১ অনুচ্ছেদের সিদ্ধান্তের প্রেক্ষিতে এবং সরকারী হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এর আলোকে বাংলা ১৪২৭ সনের কুটির হাট-বাজারের মূল্যের অবশিষ্ট ১০,৩৫,৫৫১/- টাকা মওকুফের বা ইজারার অর্থ ফেরত প্রদানের আইনগত সুযোগ নেই। এক্ষণে, কুটির হাট বাজারের ইজারা মূল্যের অবশিষ্ট অর্থ বাবদ ১০,৩৫,৫৫১/- টাকা, ১৫% ভ্যাট বাবদ ১,৫৫,৩৩৩/- ও আয়কর বাবদ ৫১,৭৭৮/- টাকাসহ সর্বমোট ১২,৪২,৬৬২/- টাকা নির্ধারিত কোডে চালানের মাধ্যমে আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে জমা প্রদানের জন্য আপনাকে অনুরোধ করা হলো। অন্যথায়, আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্ত : বর্ণনামতে ০৩ (তিন) ফর্দ।

(ফাহিম মো. সায়েফ)  
পরিচিতি নং- ১৭৩৩৩  
উপজেলা নির্বাহী অফিসার  
রাজবাড়ী সদর, রাজবাড়ী।  
টেলিফোন নং-০৬৪১-৬৫৩১০  
মোবাইল নম্বর : ০১৭৩৩-৩৩৬৪০৪  
ই-মেইল-[unorajbari@mopa.gov.bd](mailto:unorajbari@mopa.gov.bd)

জনাব মোঃ নাজমুল হক  
পিতা : আঃ রহমান তালুকদার  
গ্রাম : কমলাপুর, ডাকঘর : ফরিদপুর  
ফরিদপুর সদর, ফরিদপুর।

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০০১.০৪.০০১.২১- ৬০০/১৫

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। জেলা প্রশাসক, রাজবাড়ী।

০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ০৯/০৩/২০২১ খ্রিঃ।

উপজেলা নির্বাহী অফিসার  
রাজবাড়ী সদর, রাজবাড়ী।